আতঙ্কে মৎস্যজীবীরা, তাই গঙ্গাপুজোর আয়োজন

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : আতঙ্কে মৎস্যজীবীরা। এখনও প্রায় দেড় মাস সমুদ্রে মাছ ধরার সময় রয়েছে। মালিকের কাছ থেকে যারা দাদন হিসেবে কিছু টাকা নিয়েছেন তাদেরতো যেতেই হবে। আবার সমুদ্রে মাছ ধরতে যাওয়া ছাড়া যাদের কোনওই গতি নেই তারাও যাবে। অপরদিকে মৎস্যজীবী গ্রামগুলোর পরিবারের মহিলারা শনিবার মুড়িগঙ্গা নদীর ধারে গঙ্গা দেবীর পুজোর আয়োজন করেন। মৎস্যবন্দরে গিয়ে জানা গেল, কোনও এক গঙ্গা দাস নামে মহিলার স্বপ্নাদেশ হয়েছে। ভাল করে গঙ্গা দেবীর পুজো করতে হবে। স্বপ্নে এও নাকি বলা হয়েছে, একশো ডাব একশো কলসি দুর্বা ইত্যাদি দিয়ে পুজোর আয়োজন করতে হবে। সেই আতঙ্কে মৎস্যবন্দরে প্রায় দু'তিন হাজার মহিলা-পুরুষের জমায়েত হয়। সে এক অদ্ভুত দৃশ্য। একবিংশ শতব্দীতে এসেও মানুষের ধারণা সেই মধ্যযুগের মতোই। দু'একজনকে প্রশ্ন করে জানা গেল কেন আজকের আয়োজন। জানালেন, সমুদ্রে আমাদের যেতেই হবে। কোথাও কোনও অনিয়ম হয়েছে হয়তো। নাতো কেন এমন হচ্ছে। কিন্তু সরকারি যে নিষেধাজ্ঞা সেগুলিকে আদৌ মানা হয়েছিল ? একটু আস্তে উত্তর দিলেন, আসল কথা ওঠাই। সাবধান না হওয়ারই ফল। এখন দেখার, 'মা গঙ্গা' আগামী কয়েক মাস কী করেন।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

5	7		6				8	
	3		8	4		1		
8				5			7	
4		3				6		
	1						2	
		8				3		7
	4			2				8
		7		1	5		6	
	6				4		9	1

গতকালের সমাধান

9	3	2	1	7	4	8	5	6
8	4	5	2	9	6	1	3	7
7	6	1	3	5	8	4	2	9
2	5	9	7	8	3	6	1	4
1	8	3	6	4	2	9	7	5
4	7	6	9	1	5	2	8	3
3	9	4	5	2	1	7	6	8
6	1	8	4	3	7	5	9	2
5	2	7	8	6	9	3	4	1

আবহাওয়া

পূর্বাভাস: রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৪ ডি গ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭৯ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৪।৫১, **সূর্যাস্ত:** ঘ ৬:১৯**জোয়ার:**সকাল :১০:১৭। **ভাঁটা**: সন্ধ্যা : ৫:৯২।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩০,৪০০
গহনা সোনা (১০ গ্রাম):	২৯,৮৪০
হলমার্কগহনা: (২২ ক্যারেট ১০ গ্রাম):	২৯,২৭৫
রুপোর বাট (প্রতি কেজি):	৩৯,৪০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৯,৫০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর আলাদা)।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

শেয়ারসূচক

BSE	35,443.67	▼	(-19.41)
NIFTY	10,767.65	▼	(-0.70)

শব্দলিপি- ১২৭৩

১		২		■	৩	৪	
	■		■	৫	■		■
	■		■	৬			৭
৮			৯		■	■	
	■	■	১০		১১		
১২	১৩			■		■	
■		■		■		■	
১৪			■	১৫			

শ্যামাপ্রসাদ দাশ

পাশাপাশি ঃ ১। সর্বপ্রথমে ৩। বালিশ বিশেষ ৬। স্থায়ী আস্তানা ৮। ভয়ংকর রূপ ১০। কতকাল ১২। কুবেরে কৃষ্ণজনক ১৪। যে নদী নিয়ে অদ্বৈত মল্লবর্মনের উপন্যাস ১৫। লমমাংশে সম্বন্ধীয়

উপরনীচ ঃ ১। সংগীতের প্রাতঃকালীন রাগ বিশেষ ২। প্রেম ভালোবাসা ৪। নতুবা ৫। প্রবর্তন করা হয়েছে এমন ৭। সুবিধাবাদী ৯। বাকশক্তিহীন হয়ে পড়া ১১। ঘটির ঢাকনা ১৩। সতর্ক

সমাধান ঃ শব্দলিপি - ১২৭২

পাশাপাশি ঃ ১। আরাম ৩। মানস ৫। পশরা ৭। মঘানক্ষত্র ৮। পরশুরাম ৯। মিতালি ১১। কমল ১২। নয়ন

উপরনীচ ঃ ১। আলাপ ২। মন্দিরা ৩। মাথার ঘাম ৪। সহনক্ষমতা ৬। শহরকেন্দ্রিক ৭। মরা কটাল ৯। মিলন ১০। লিখন

অভিষেক ব্যানার্জিকে খুনের হুমকি দেওয়ার অভিযোগে এফআইআর করল নিউব্যারাকপুর তৃণমূল যুব কংগ্রেস

নিজস্ব সংবাদদাতা, নিউব্যারাকপুর : বীরভূম সিউড়ি শহরে ৩ আগস্ট, শুক্রবার বিজেপির এক প্রকাশ্য সমাবেশে বিজেপির এক সর্বভারতীয় নেতা নির্মল চন্দ্র মণ্ডল সর্বভারতীয় তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি ও ডায়মন্ডহারবারের সাংসদ যুব সমাজের নয়নের মণি অভিষেক বন্দ্যোপাধ্যায়কে খুন করার হুমকি দিয়েছেন। এই ঘটনার প্রতিবাদে অভিযুক্ত এই বিজেপি নেতাকে অবিলম্বে গ্রেফতারের দাবিতে জেলার সমস্ত থানাতে এফআইআর করার নির্দেশ দিয়েছেন জেলা তৃণমূল যুব কংগ্রেস। তারই অঙ্গ হিসাবে দোষীর উপযুক্ত শাস্তির দাবিতে উত্তর ২৪ পরগনা জেলার নিউব্যারাকপুর শহর তৃণমূল যুব কংগ্রেস থানায় ডেপুটেশন ও অবস্থান বিক্ষোভ করেন শনিবার দুপুরে।

নিউব্যারাকপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক রাজু মুখার্জির কাছে অভিযোগ দায়ের করেন নিউব্যারাকপুর শহর তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি সুমন দে সহ যুব তৃণমূলের কর্মী সমর্থকেরা। এক প্রতিবাদ জমায়েত সভায় সুমন দে বলেন, তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়কে খুন করার হুমকি দিয়েছেন এক বিজেপি নেতা। সেই বিজেপি নেতার অবিলম্বে গ্রেফতার ও শাস্তির দাবিতে থানায় ডেপুটেশন ও এফআইআর করা হল।

শান্ত বাংলাকে অশান্ত করার চক্রান্ত করছে বিজেপি। নিউব্যারাকপুর যুব সমাজ ভীত, সন্ত্রস্ত এবং ব্যথিত। এর বিরুদ্ধে তৃণমূল যুব কংগ্রেস ধিক্কার প্রতিবাদ জানিয়ে আন্দোলনে নেমেছে। নিউব্যারাকপুর শহর তৃণমূল যুব কংগ্রেসের কর্মী সমর্থকরা থানায় গিয়ে ডেপুটেশনে শামিল হয়েছে। উত্তর ২৪ পরগনা জেলার তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি ও বিধায়ক পার্থ ভৌমিকের নির্দেশে নিউব্যারাকপুরে তৃণমূল যুব কংগ্রেসের কর্মী সমর্থকরা থানায় গিয়ে ডেপুটেশনে শামিল হয়েছিল।

99 YEARS
BIRTH

কিশোর কুমারের জন্ম দিনে বিশিষ্ট সঙ্গীত শিল্পীকে ভারতরত্ন প্রদানের দাবীতে মিছিলে লক্ষ্মীরতন শুক্লা।

বাগনানে ছাত্রী খুনে গ্রেফতার তিন



এইমাত্র খবর পেলাম ঈশিতা দত্তের খুনীদের তামিলনাড়ুতে বাগনান থানার পুলিশ গ্রেফতার করেছে।
বাগনান থানার ভারপ্রাপ্ত পুলিশ নিজে আছেন। ওখান থেকে ওদের ট্রানজিট রিমান্ডে আনা হবে।
ধন্যবাদ জানাই প্রশাসন কে,বাগনান থানার সমস্ত পুলিশ অফিসার ও কর্মীদের ও পশ্চিমবঙ্গ পুলিশ কে 🙏🙏
ধন্যবাদ সকল লড়াকু প্রতিবাদীদের যারা ঈশিতা দত্তের খুনীদের শাস্তির দাবিতে লড়াই চালাচ্ছিলেন 🙏
শেয়ার করে সবাইকে জানিয়ে দিন।।

ঈশিতার খুনি
শুভময় মণ্ডল সহ তার মা বাবা ধরা পরেছে।।
আমাদের পক্ষ থেকে
বাগনান পুলিশ প্রশাসনকে অসংখ্য ধন্যবাদ জানানো হচ্ছে ।।

খুনি = = =মা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বাগনানের ছাত্রী মৃত্যুর ঘটনায় অভিযুক্ত শুভময় মণ্ডল তার মা সুস্মিতা মণ্ডল ও বাবা মহিতোষ মণ্ডলকে গ্রেফতার করল বাগনান থানার পুলিশ। পুলিশসূত্রে খবর, তামিলনাড়ুর চেন্নাইয়ের কাঞ্জিপুরম থেকেতাদের গ্রেফতারকরেবাগনান থানারপুলিশ।শনিবারতাকেস্থানীয় আদালতে তোলার পর রবিবার ট্রানজিট রিমান্ডে বাগনানে আনা হবে। উল্লেখ্য, গত ২৫ (জুলাই) গৃহশিক্ষকের কাছে পড়তে গিয়ে নিখোঁজ হয়ে যায় নবম শ্রেণির ছাত্রী ঈশিতা দত্ত। তবে পরে দিন অর্থাৎ বৃহস্পতিবারতারবন্ধুশুভময়মণ্ডলের বাড়ি থেকে উদ্ধার হয় তার পা বাঁধা রক্তাক্ত মৃতদেহ। ঘটনার পর থেকে পলাতক ছিল শুভময় এবং তার পরিবারের লোকজন। অপরদিকে এই ঘটনার প্ররিপ্রেক্ষিতে সোশ্যাল মিডিয়ায়সকলেইসরবহয়েছিল।

পুলিশকে টাকা দিলেই করা যাবে বেআইনি গ্যাসের ব্যবসা !

নিজস্ব সংবাদদাতা, দঃ ২৪ পরগনা : সোনারপুর জুড়ে রমরমিয়ে চলছে বেআইনি গ্যাস কাটিংয়ের ব্যবসা। প্রকাশ্যে জনবহুল এলাকাতেই এই ব্যবসা চললেও তা বন্ধ করতে উদ্যোগী হয়নি প্রশাসন। একাধিকবার দুর্ঘটনা ও মানুষ মারা যাওয়ার ঘটনা ঘটেছে। কিন্তু, পুলিশ কোও ব্যবস্থা না নেওয়ার ক্ষোভ এলাকার বাসিন্দাদের। সোনারপুর জুড়ে প্রায় ৫০টির বেশি জায়গায় রমরমিয়ে চলছে বেআইনি গ্যাসের ব্যবসা। গ্যাস ডিস্ট্রিবিউটর ও ভ্যানচালকদের সঙ্গে যোগাযোগ রেখে অতি সহজেই সিলিন্ডার পেয়ে যাচ্ছেন এই অসাধু ব্যবসায়ীরা। কোথাও ঘরের মধ্যে কোথাও আবার ফাঁকা জায়গাতেই বিপজ্জনকভাবে রাখা হচ্ছে সিলিন্ডারগুলি। কখনও আবার ভর্তি সিলিন্ডার থেকে খানিকটা গ্যাস বের করে তাতে হাওয়া অথবা জল ঢুকিয়ে পৌঁছে যাচ্ছে সাধারণ গ্রাহকদের কাছে। শুধু তাই নয়, গ্যাস বুক করেও এই কারণে সময়ে সিলিন্ডার পান না বহু গ্রাহক। অসাধু এক গ্যাস ব্যবসায়ীর কথায়, সোনারপুর থানার বড়বাবুর নাম করে দুই ব্যক্তি প্রতিমাসেই তাঁদের কাছ থেকে টাকা নিয়ে যান। তাই নিশ্চিন্তে ব্যবসা করতে পারেন তারা। বেআইনি এই গ্যাস ব্যবসার মূল গ্রাহক অটোচালকরা। পাম্প থেকে গ্যাস না ভরে তাঁরা এসব জায়গা থেকে বেশি অর্থ দিয়ে গ্যাস ভরেন। তাঁদের দাবি, পাম্পে ভেজাল গ্যাস দেওয়া হয়। তাছাড়া সেই গ্যাস মাইলেজ ১৪-১৫ কিলোমিটার বেশি পাওয়া যায় না। অন্যদিকে এই গ্যাসের দাম বেশি হলেও ১ কেজি গ্যাসে অনায়াসে ২৫ কিলোমিটার যাতায়াত করতে পারেন তারা। আতঙ্কের মধ্যেই পরিবারের সকলকে নিয়ে বসবাস করছেন সাধারণ মানুষ। পুলিশ ও রাজনীতির লোকজন জড়িয়ে থাকায় প্রতিবাদ জানাতেও ভয় পাচ্ছে তাঁরা। আতঙ্কিত গলায় তাঁদের বক্তব্য, সকলেই সব জানেন। বিষয়টি সামনে আসার পর এক পুলিশ তল্লাশি চালানোর আশ্বাস দিয়েছেন।

মধ্য হাওড়া তৃণমূল কংগ্রেস
২/১, ধর্মতলা লেন, হাওড়া

আসাম সরকারের বাঙালির বিরুদ্ধে নেওয়া সিদ্ধান্ত নেওয়ায় মধ্য হাওড়ার তৃণমূল সরকারের মন্ত্রী অরূপ রায়ের নেতৃত্বে মিছিল।

মধ্যমগ্রামে স্থানীয় তৃণমূল নেতা খুনে গ্রেফতার ১

নিজস্ব সংবাদদাতা, মধ্যমগ্রাম : মধ্যমগ্রাম পুরসভার ১ নম্বর ওয়ার্ডের তৃণমূল সভাপতি খুনে গ্রেফতার করা হল এক ব্যক্তিকে। ধৃতের নাম সুরজিৎ পাত্র। ওরফে সুরো। বাদু ঘোষপাড়া এলাকা থেকে পুলিশ শুক্রবার তাকে গ্রেফতার করে।

পুলিশি জেরায় ধৃত জানিয়েছে, খুনের দিন সে লোহার রড চুরি করতে কারখানার ভিতরে ঢুকেছিল। ওই কারখানায় কাজ করতেন মধ্যমগ্রামের এক নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস সভাপতি সুধীর দাস। তিনিই প্রথম রড চুরির ঘটনা দেখে ফেলেন। তখন দু'জনের মধ্যে শুরু হয় বচসা। হঠাৎই লোহার রড দিয়ে সুধীরবাবুর মাথায় আঘাত করে সুরো। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।

তদন্তে নেমে পুলিশ জানতে পারে, সুরজিৎ খোঁড়ার অভিনয় করে মুখ বেঁধে কারখানায় ঢুকেছিল। কারখানার পুরনো কর্মীদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ সুরজিতের নাগাল পায়।

শনিবার (২৮ জুলাই) গভীর রাতে বাদু রোডের দিগবেড়িয়ার একটি কারখানার সেপটিক ট্যাঙ্ক থেকে সুধীরবাবুর দেহ উদ্ধার হয়। তদন্তে নামে পুলিশ। কারখানার সিসিটিভি ফুটেজে দেখা যায় সুধীরবাবু কারখানায় ঢোকার পর মুখ ঢাকা অবস্থায় এক ব্যক্তি কারখানায় ঢোকে। মিনিট কুড়ি পর ওই ব্যক্তি কারখানা থেকে বেরিয়ে যায়। সিসিটিভি ফুটেজ ও কারখানা কর্মীদের জিজ্ঞাসাবাদ করে অবশেষে শুক্রবার অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ।

জীবনতলায় কিশোরীকে ধর্ষণের ঘটনায় গ্রেফতার বাবা

নিজস্ব সংবাদদাতা, দঃ ২৪ পরগনা : কিশোরীকে ধর্ষণের ঘটনায় গ্রেফতার করা হল তার বাবাকে। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনার জীবনতলা থানার কালুগাছি গ্রামের। কিশোরী ও তার মা অভিযোগের ভিত্তিতে পুলিশ অভিযুক্ত খালেদ মোল্লা (নাম পরিবর্তণ)-কে গ্রেফতার করেছে। কিশোরীর মেডিক্যাল পরীক্ষাও করানো হয়েছে। বৃহস্পতিবার সকালে ওই কিশোরীর বোনকে রক্ত দিতে ডাক্তারের কাছে নিয়ে যায় তার মা। সেই সময় অনু (কিশোরীর নাম পরিবর্তিত) রান্না করছিল। রান্নার শেষে নিজের ঘরে যায় সে। এরপরই বাবা তাকে ধর্ষণ করে বলে অভিযোগ। শুধু তাই নয়, ধর্ষণের পর মুখ বন্ধ রাখার জন্য তাকে ১০০ টাকা দিয়ে খাবারও খেতে বলে।

এরপর খালেদ মোল্লার বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করে অনু। অভিযোগের ভিত্তিতে প্রথমে তাকে আটক করে পুলিশ। তারপর দোষ স্বীকার করায় গ্রেফতার করা হয়। শনিবার তাকে আলিপুর আদালতে তোলা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে, খালেদ দোষ স্বীকার করে নিয়েছে। নিজের ভুল বুঝতে পেরে এখন পুলিস লকআপে শুধুই কাঁদছে। ঘটনার সময় তার মাথার ঠিক ছিল না বলেও স্বীকার করে নিয়েছে।

ডিজিটালাইজেশন হচ্ছে রবীন্দ্রনাথের পাণ্ডুলিপি

নিজস্ব সংবাদদাতা, শান্তি নিকেতন : রবীন্দ্রনাথ ঠাকুরের বিভিন্ন পাণ্ডুলিপি ডিজিটালাইজেশন করার উদ্যোগ নিল কেন্দ্রীয় তথ্য ও সংস্কৃত মন্ত্রকের ইন্দিরা গান্ধি জাতীয় সংস্কৃতি ও আর্ট বিভাগ। পাশাপাশি তাঁকে নিয়ে বিভিন্ন কিংবদন্তির পাণ্ডুলিপিও ডিজিটালাইজেইশন করা হবে। শুক্রবার বিশ্বভারতীর কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিক বৈঠক করে একথা জানান বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য সবুজকলি সেন ও ইন্দিরা ন্যাশনাল কালচারাল ফর আর্টের ডিরেক্টর প্রতাপানন্দ ঝাঁ। পাণ্ডুলিপির পাশাপাশি গুরুত্বপূর্ণ অডিও, ভিডিওগুলিও ডিজিটালাইজেশন করা হবে।

বিশ্বভারতীয় রবীন্দ্র ভবন সহ বিভিন্ন জায়গায় রবীন্দ্রনাথ ঠাকুরের বহু গুরুত্বপূর্ণ পাণ্ডুলিপি, নথি রয়েছে। এছাড়া কিংবদন্তি মানুষজনের পাণ্ডুলিপি, নথি সহ মূল্যবান অডিও, ভিডিও রয়েছে সেখানে। সেগুলি ডিজিটাল সংরক্ষণের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে।

২০১৫ সালে কেন্দ্রীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ ইন্দিরা গান্ধি ন্যাশনাল কালচারাল ফর আর্টের তরফে ওই উদ্যোগ নেওয়া হয়েছিল। কিন্তু, মাঝপথে বিভিন্ন কারণে তা বন্ধ হয়ে গিয়েছিল। চলতি বছরের জুনে বিশ্বভারতীর আবেদনের ভিত্তিতে ফের অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করার বিষয়ে হস্তক্ষেপ করা হয়।

ইতিমধ্যে ৭ হাজার ৮০০ পাণ্ডুলিপি ডিজিটাইজেশন করা হয়েছে। এখনও ৯ হাজার ৩০০টি পাণ্ডুলিপি ডিজিটালাইজেশন করতে হবে। একইভাবে ৩০ হাজার ঘণ্টার অডিও ভিডিও ডিজিটালাইজেশন করা হয়েছে। এখনও ৩১ হাজার ঘণ্টার অডিও ভিডিও ডিজিটালাইজেশন করতে হবে। এছাড়াও, একাধিক নথি দীর্ঘমেয়াদি সংরক্ষণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দেড় বছরের মধ্যে সব কাজ শেষ করা হবে।

এছাড়াও, বিশ্বভারতীর সংগীত ভবনের বিশিষ্ট শিল্পীদের ২ হাজার ২০০টি রেকর্ডকেও ডিজিটাইজেশন করার পরিকল্পনাও রয়েছে। বিশ্বভারতীর দুই কর্মীকে এই সংক্রান্ত কাজের জন্য প্রশিক্ষণও দেবে ওই সংস্থা।

বিশ্বভারতীয় ভারপ্রাপ্ত উপাচার্য সবুজকলি সেন বলেন, 'বিশ্বভারতীতে বহু মূল্যবান জিনিস আছে। সেগুলি দীর্ঘস্থায়ী সংরক্ষণের জন্যই আমাদের এই উদ্যোগ।'

ইন্টারনেট দেখে বোমা বানানোর প্রশিক্ষণ নিত, জেরায় স্বীকার দুষ্কৃতীদের

নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর : ইন্টারনেট দেখে বোমা বানানোর প্রশিক্ষণ নিত দুষ্কৃতীরা। গারুলিয়ার লেনিননগর স্কুল মাঠের ভ্যাটে বোমা বিস্ফোরণের ঘটনার তদন্তে নেমে একথা জানতে পেরেছে পুলিশ। এই ঘটনায় রণ সরকার, প্রশান্ত সরকার ও সুমিত দাস নামে তিনজনকে গ্রেফতার করা হয়েছে।১ আগস্ট সকালে ওই স্কুল মাঠের ভ্যাট সাফাই করতে গেছিলেন গারুলিয়া পুরসভার দুই সাফাইকর্মী। ভ্যাটেই লুকনো ছিল একটি তাজা বোমা। বেলচা দিয়ে আবর্জনার স্তূপ গাড়িতে তোলার সময় ফেটে যায় বোমাটি। জখম হন মিঠুন হেলা এবং মুজিবর রহমান নামে ওই দুই সাফাইকর্মী। স্থানীয় বাসিন্দারা তাঁদের জগদ্দলে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে যান। এই ঘটনায় তিনজন দুষ্কৃতীকে গ্রেফতার করল নোয়াপাড়া থানার পুলিশ।তিনজনই লেনিননগর এলাকায় দুষ্কৃতী বলে পরিচিত। পুলিশ সূত্রের খবর, ওই তিনজন গারুলিয়া লেনিননগরের প্রাথমিক বিদ্যালয়ের মাঠ সংলগ্ন ভ্যাটে বোমা লুকিয়ে রেখেছিল বলে স্বীকার করেছে। জেরা করেপুলিশ আরও জানতে পেরেছে, ইন্টারনেট ঘেঁটেই বোমা তৈরির কৌশল শিখেছিল তারা। এরপর শক্তিশালী সেই বোমগুলিকে ভ্যাটের মধ্যে লুকিয়ে রেখেছিল।

পুলিশি তৎপরতায় টাকা ফেরত পেলেন লোকমণি

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : সৌদি আরবে থাকা এক দম্পতির ফেলে যাওয়া টাকার ব্যাগ চার ঘণ্টার মধ্যে ফিরিয়ে দিয়ে তাদের মুখে হাসি ফোটালো বেলুড় থানার পুলিশ। জানা গিয়েছে আদতে লিলুয়ার বাসিন্দা লোকমণি সিং ও তার স্বামী ও সন্তান থাকেন সৌদি আরবে। পারিবারিক কাজের জন্য কিছুদিন আগে তারা লিলুয়ার আসেন। যদিও ছেলে চাকরীর জন্য সৌদিতেই রয়েছেন শুক্রবার সন্ধ্যায় তারা বাড়ি ফেরেন রিকশায় চেপে। কিন্তু রিকশায় লোকমণি দেবী নিজের কাছে রাখা ব্যাগটি ফেলে যান। পরে হুঁশ ফিরতে বেলুড় থানায় অভিযোগ দায়ের করেন। এরপর এলাকার সিসিটিভি ফুটেজ দেখে পুলিশ রিকশা চালককে চিহ্নিত করে ও তার কাছ থেকে ব্যাগটি উদ্ধার করে। যার মধ্যে হিরা বসানো গহনা ও সৌদি আরবের বেশ কিছু মুদ্রা ছিল। তবে ব্যাগটি ফেরত পেয়ে রিকশা চালকের বিরুদ্ধে কোনও ব্যবস্থা না নিতে পুলিশকে অনুরোধ করায় পুলিশ রিকশাচালককে ছেড়ে দিয়েছে। মাত্র চার ঘণ্টার নিজের ব্যাগ ফেরত পেয়ে স্বভাবতই খুশি ওই দম্পতি। প্রশংসা করেছেন পুলিশেরও।

তন্ত্রসাধনা করতে গিয়ে আটক যুবক

নিজস্ব সংবাদদাতা, বীরভূম : বীরভূমের মুরারই এলাকায় তন্ত্রসাধনা করতে গিয়ে আটক এক যুবক। মুরারই থানার কাহিনগরে ৪০ দিন পর কবর থেকে ৯ বছর এক শিশু বের করে বাঁচানোর আশ্বাস দেন ওঝা। গ্রামের লোকজন জমায়েত হলে পুলিশকে খবর দেয়। ওই ওঝাকে আটক করেছে পুলিশ। কবিরুল শেখ নামে যুবক বাড়ি সুফি থানার বহুতল এলাকায়। বিজ্ঞান যখন দ্রুতগতিতে এগিয়ে চলেছে তখন এই ধরনের কুসংস্কারে যে আচ্ছন্ন দেশ তথা রাজ্যের বিভিন্ন প্রান্ত তা এই ঘটনাতেই প্রমাণিত।

হাওড়ায় জলে ডুবে মৃত্যু দু'জনের

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : শনিবারমর্মান্তিকদু'টিঘটনারসাক্ষী ছিল হাওড়া। শনিবার সকালে হাওড়ায় জলে ডুবে মৃত্যু হল দুই জনের। মৃতদের নাম রোহন আচার্য (১৬) ও সৌমেন পোদ্দার (১৮)। জানা গিয়েছে এদিন সকালে ডুমুরজলা স্টেডিয়ামে বন্ধুদের সঙ্গে ফুটবল খেলার পর পাশের জলাশয়ে স্নান করতে নামে রোহন ও তার বন্ধুরা। রোহন সাঁতার না জানায় তলিয়েযায়। বন্ধুরা চেষ্টাকরেও তাকে উদ্ধারকরতেপারেনি। প্রায় আধঘণ্টা পরতার দেহ তোলাহয়।

Change of Name

I HARITA DAGA D/o Naresh Kumar Daga R/o p-13,kalakar street, 5th floor, Kolkata 700007 declare that My Previous name was Ayesha Daga (old name).As per Affidavit in Notary public at Kolkata on 04-08-2018 I became known as HARITA DAGA

CHANGE OF NAME

I, ALIASGAR, S/O LATE: ABEDINBHAI KAUKAWALA, R/O, FLAT NO.- 202, 2ND FLOOR, BLOCK-D, JAGATIPOTA ROAD, AHALLAH NAGAR, P.S.-SONARPUR, KOLKATA-700099, SHALL HENCE FORTH BE KNOWNAS ALI ASGAR KAUKAWALA VIDE ANAFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATAON 03.08.2018.